ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়
জাহানাবাদ সেনানিবাস, খুলনা।
www.cbj.gov.bd

স্মারক নং- ২৩.২২.৭১২.০২৭.০৭.০০২.২০২২-৪১

২৭ চৈত্র ১৪৩১
তারিখঃ------------------।
১০ এপ্রিল ২০২৫

**দোকান/স্পেস ইজারা/বরাদ্দের পুনঃ বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাহানাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ক্যান্টনমেন্ট বোর্ড মার্কেটের নির্ধারিত স্থানে অনুমোদিত টিনশেড মার্কেটের দোকান এবং স্পেস (নকশা মোতাবেক) নিম্নবর্ণিত শর্তে ইজারা প্রদান করা হবে। দরপত্র সমূহ অফিস চলাকালীন জাহানাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড অফিস হতে ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের (অফেরতযোগ্য) নির্ধারিত সিডিউল ফরম/আবেদন ফরম সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করে জামানত বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (তফসীলি ব্যাংকের যে কোন শাখা হতে "ক্যান্টনমেন্ট বোর্ড, জাহানাবাদ সেনানিবাস" এর অনুকুলে ক্রয়কৃত) সিডিউল ফরমের সাথে সংযুক্ত করে নির্ধারিত তারিখে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত এ দপ্তরের দরপত্র বাক্সে দরপত্র দাখিল করা যাবে এবং নির্ধারিত তারিখে বেলা ১২.৩০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

| ক্রঃনং | যে তারিখ পর্যন্ত দরপত্র বিক্রয় করা হবে | দরপত্র দাখিলের তারিখ | ক্রঃনং | যে তারিখ পর্যন্ত দরপত্র বিক্রয় করা হবে | দরপত্র দাখিলের তারিখ | দোকান/স্পেস এর সরকারী মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ১৫/০৪/২০২৫ | ১৬/০৪/২০২৫ | ০৯ | ৩০/১২/২০২৫ | ৩১/১২/২০২৫ | প্রতি বর্গফুট = ১৮০০/- টাকা |
| ০২ | ১৮/০৫/২০২৫ | ১৯/০৫/২০২৫ | ১০ | ২৮/০১/২০২৬ | ২৯/০১/২০২৬ | |
| ০৩ | ১৯/০৬/২০২৫ | ২২/০৬/০২৫ | ১১ | ২৫/০২/২০২৬ | ২৬/০২/২০২৬ | |
| ০৪ | ২০/০৭/২০২৫ | ২১/০৭/২০২৫ | ১২ | ৩০/০৩/২০২৬ | ৩১/০৩/২০২৬ | |
| ০৫ | ২৪/০৮/২০২৫ | ২৫/০৮/২০২৫ | ১৩ | ২৯/০৪/২০২৬ | ৩০/০৪/২০২৬ | |
| ০৬ | ২৪/০৯/২০২৫ | ২৫/০৯/২০২৫ | ১৪ | ৩০/০৫/২০২৬ | ৩১/০৫/২০২৬ | |
| ০৭ | ২৬/১০/২০২৫ | ২৭/১০/২০২৫ | ১৫ | ২৯/০৬/২০২৬ | ৩০/০৬/২০২৬ | |
| ০৮ | ২৭/১১/২০২৫ | ৩০/১১/২০২৫ | ১৬ | ২৯/০৭/২০২৬ | ৩০/০৭/২০২৬ | |

শর্তাবলীঃ

০১। কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা পরিবারের সদস্য একের অধিক দোকানের জন্য সিডিউল ফরম সংগ্রহ ও দাখিল করতে পারবেন।
০২। আবেদন পত্রের সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
০৩। যে নামে দরপত্র ক্রয় করা হবে সে নামেই দরপত্র দাখিল করতে হবে এবং দরপত্র খামের উপর দোকান নম্বর উল্লেখ করতে হবে।
০৪। সর্বোচ্চ দর প্রদানকারীর দর/ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক গৃহীত দর ব্যতিত সকলের জামানত ফেরত প্রদান করা হবে।
০৫। ইজারার মেয়াদ ০৫ (পাঁচ) বছর। নবায়ন ফি পরিশোধ সাপেক্ষে পুনঃ নবায়নযোগ্য।
০৬। ইজারার তথ্য ও শর্তাবলী অফিস চলাকালীন এ দপ্তরের প্রকৌশল শাখা হতে জানা যাবে।
০৭। সর্বোচ্চ দর প্রদানকারী দোকান গ্রহণে অসম্মতি জ্ঞাপন করলে জামানত হিসাবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে ।
০৮। উদ্ধৃত দরের উপর সরকারী বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট প্রদেয় হবে যা আবেদনকারী চালানের মাধ্যমে ব্যাংকে জমা দিবে।
০৯। ক্যান্টনমেন্ট বোর্ডের সর্বশেষ প্রণীত (সাভূক্যা স্মারক নং-২৫৯২ তাং ২৮-১১-২০২২ অনুমোদিত) নীতিমালা অনুযায়ী দোকানগুলো/স্পেস বরাদ্দ/পরিচালিত হবে এবং ইতোপূর্বে জারীকৃত এ সংক্রান্ত বিজ্ঞপ্তি রহিত থাকবে।
১০। প্রতি পর্বে কোন দোকানের প্রাপ্ত দর অনুমোদিত হলে পরবর্তী পর্বে সে দোকান তালিকা হতে বাদ যাবে।
১১। দরপত্র দাখিলের ধার্য তারিখে সরকারী ছুটি হলে পরবর্তী কার্যদিবস দরপত্র দাখিলের জন্য নির্ধারিত হবে।
১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
জাহানাবাদ সেনানিবাস, খুলনা।
১০/৪/২৫

**সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্যঃ**

১। স্টেশন সদর দপ্তর, জাহানাবাদ সেনানিবাস, খুলনা।
২। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার (সকল)।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা।
৪। এজিই (আর্মি), জাহানাবাদ সেনানিবাস, খুলনা।
৫। স্থানীয় বাজার (ফুলতলা/ইস্টার্ন গেট/গ্যারিশন/শিরোমনি/ফুলবাড়ীগেট/দৌলতপুর/খালিশপুর/নিউমার্কেট), খুলনা।
৬। অফিস সহকারী, ক্যান্টনমেন্ট বোর্ড, জাহানাবাদ সেনানিবাস- ওয়েব সাইটে প্রকাশের জন্য।
৭। নোটিশ বোর্ড এ কার্যালয়।